দৈনিক জনকণ্ঠ

তারিখ 9 MAY 2017
পৃঃ ১৫

# বাকৃবিতে হল প্রভোস্টের পদত্যাগ

**বাকৃবি সংবাদদাতা ॥** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ছাত্রদের আবাসিক শাহজালাল হলের প্রভোস্ট এবং তিন হাউস টিউটর একযোগে পদত্যাগ করেছেন। রবিবার বিকেলে একযোগে রেজিস্ট্রার বরাবর পদত্যাগপত্র জমা দিলেও বিষয়টি বিভিন্নভাবে ধামাচাপা দেয়ার চেষ্টা করছে বিশ্ববিদ্যালয় প্রশাসনসহ সংশ্লিষ্ট সবাই। এদিকে প্রভোস্ট ও হাউস টিউটরদের একযোগে পদত্যাগের বিষয়টি হলের শিক্ষার্থীদের কাছে রহস্যের সৃষ্টি করেছে।

পদত্যাগী শিক্ষকরা হলেন- হলের প্রভোস্ট অধ্যাপক ড. সাদিকুল ইসলাম, হাউস টিউটর দেবাশীষ সরকার দেব, মাসুদুল করিম ও শাহাদাৎ হোসেন।

এ বিষয়ে হলের প্রভোস্ট অধ্যাপক ড. সাদিকুল ইসলামের মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি বিষয়টি এড়িয়ে যাওয়ার চেষ্টা করেন। পদত্যাগের বিষয়টি বারবার জানতে চাওয়া হলেও তিনি বলেন, তোমরা তো সব জেনেই গেছ, আর কী জানতে চাও? পরে কথা বলবেন বলে ফোন রেখে দেন।

কিন্তু পদত্যাগের বিষয়ে মুখ খুলছেন না প্রশাসনের কেউ। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ছাইফুল ইসলামের কাছে বিষয়টি জিজ্ঞাসা করা হলে সোমবার বিকেল পর্যন্ত পদত্যাগের কোন চিঠি পাননি বলে জানান তিনি।

## রাবি রেজিস্ট্রার

স্টাফ রিপোর্টার রাজশাহী থেকে জানান, নতুন ভিসি নিয়োগের পরদিনই মেয়াদ শেষ হওয়ার ৫৩ দিন আগেই পদত্যাগ করলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) রেজিস্ট্রার অধ্যাপক এন্তাজুল হক। সোমবার বেলা ১১টার দিকে উপাচার্য বরাবর তিনি পদত্যাগপত্র জমা দিয়েছেন বলে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার দফতর সূত্রে জানা গেছে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক এন্তাজুল হক জানান, ব্যক্তিগত কারণে তিনি পদত্যাগ করেছেন। এখানে অন্য কোন কারণ নেই। তবে বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য আসার একদিন পরেই পদত্যাগ করার বিষয় নিয়ে তিনি কোন মন্তব্য করেননি। রাবির সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ে নতুন উপাচার্য এসেছেন।

এখন তিনি তার ইচ্ছেমতো রেজিস্ট্রার রাখতে পারেন। যে কোন সময় বর্তমান রেজিস্ট্রারকে তার পদ থেকে অপসারণ করা হতে পারে। তাই বর্তমান রেজিস্ট্রার নিজের ইচ্ছাই আগাম পদত্যাগপত্র জমা দেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...................................

| | |
|---|---|
| চীফ. পরিসংখ্যান বিভাগ | |
| চীফ. ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর